দৈনিক ইনকিলাব

তারিখ ৪/৭/২০০০
পৃষ্ঠা ... কলাম ...

### চট্টগ্রাম কলেজের ফলাফল বিপর্যয়

# শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষায় প্রিন্সিপালের উদাসীনতা ও পুলিশী হয়রানি দায়ী

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ২০০০ সালের এইচএসসি পরীক্ষায় ঐতিহ্যবাহী চট্টগ্রাম কলেজের ফলাফল বিপর্যয়ের জন্য কলেজে শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষায় প্রিন্সিপালের উদাসীনতা ও ছাত্র-ছাত্রীদের ওপর পুলিশী হয়রানিকে দায়ী করা হয়েছে। গতকাল রবিবার কলেজের সাধারণ ছাত্র-ছাত্রী পরিষদের এক সভায় একটি তদন্ত কমিটি গঠন করে ফলাফল বিপর্যয়ের জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহবান জানানো হয়। পরিষদের আহবায়ক মোহাম্মদ রশীদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সাধারণ সম্পাদিকা সেলিনা আক্তার, যুগ্ম সম্পাদক প্রকাশ বিশ্বাস, সাংস্কৃতিক সম্পাদক জাবেদুর রশিদ বক্তব্য রাখেন বলে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়। সভায় বলা হয়, চট্টগ্রাম কলেজের অতীত ঐতিহ্য ধীরে ধীরে নষ্ট হতে চলেছে। যে কলেজ প্রতি বছর মেধা তালিকায় ৩০/৩৫টি স্থান দখল করত, সে ক্ষেত্রে এবারের ফলাফল ছাত্র-ছাত্রীদের হতাশ করেছে। এ জন্য দায়ী শিক্ষার পরিবেশ রক্ষায় প্রিন্সিপালের উদাসীনতা ও শিক্ষার্থীদের পুলিশী হয়রানি। নবাগত ছাত্র-ছাত্রীরা এই কলেজকে এখন নিরাপদ মনে করছে না। কারণ, পুলিশ যখন তখন কলেজে এসে যাকে ইচ্ছা গ্রেফতার করছে। সভায় আরো অভিযোগ করা হয় যে, পুলিশ কলেজের ছাত্রীদের প্রতি অশোভন উক্তি ও নগ্নদৃষ্টিতে তাদের অবলোকন করছে। সভায় এর তীব্র প্রতিবাদ জানানো হয়।